

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৩/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২৮ ফেব্রুয়ারি, মঙ্গলবার ২০২৩, ১৫ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। কার্ডের মাধ্যমে ওএমএসের চাল-আটা বিক্রির নির্দেশ প্রধানমন্ত্রীর
- ০২। ময়মনসিংহের ভালুকায় দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত
- ০৩। কাজ-কর্ম, চলাফেরা, চিন্তা-চেতনা সবকিছুতে স্মার্ট হতে হবে: বিভাগীয় কমিশনার
- ০৪। সরকারি হাসপাতালে চেম্বার ফি নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি
- ০৫। প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ আজ

০১। কার্ডের মাধ্যমে ওএমএসের চাল-আটা বিক্রির নির্দেশ প্রধানমন্ত্রীর

অনিয়ম রোধে কার্ডের মাধ্যমে ওএমএসের (খোলা বাজারে বিক্রি) চাল ও আটা বিক্রির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (২৭ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে তিনি এ নির্দেশ দিয়েছেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সাংবাদিকদের এ তথ্য জানান। কার্ড কিভাবে হবে, কারা পাবে জানতে চাইলে মন্ত্রিপরিষদ সচিব জানান, সেই অংশটুকু মন্ত্রণালয়ের সঙ্গে বসে ঠিক করা হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক আজকের খবর।

০২। ময়মনসিংহের ভালুকায় দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত

সোমবার (২৭ ফেব্রুয়ারি) ময়মনসিংহের ভালুকা উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় মাঠে দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য কাজিম উদ্দিন আহমেদ ধনু। প্রাণিসম্পদ প্রদর্শনীতে বিভিন্ন প্রজাতির পশু-পাখি, সামুদ্রিক মাছ, বিভিন্ন পশু ও পাখির খাদ্য প্রদর্শন করতে মোট ৪৬টি স্টল অংশগ্রহণ করে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক স্বজন।

০৩। কাজ-কর্ম, চলাফেরা, চিন্তা-চেতনা সবকিছুতে স্মার্ট হতে হবে: বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস বলেছেন, স্মার্ট বাংলাদেশ মানে পোশাকে-আশাকে, কাজে-কর্মে, চলাফেরা, চিন্তা-চেতনা, উন্নয়নসহ সবকিছুতে আমাদের স্মার্ট হতে হবে। সোমবার (২৭ ফেব্রুয়ারি) সকালে শেরপুরের নকলা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে উন্নয়ন কার্যক্রম, আইনশৃঙ্খলা ও জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তিনি এসময় আরও বলেন, বর্তমান সরকারের কর্মপরিকল্পনা মাঠপর্যায়ে বাস্তবায়ন করতে হবে, সরকারের নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমিও যেন পতিত না থাকে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক সবজু, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক কিশোরের দেশ ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৪। সরকারি হাসপাতালে চেম্বার ফি নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি

সরকারি হাসপাতালে নির্ধারিত ডিউটি শেষে আলাদা চেম্বার করে রোগী দেখা ও চিকিৎসকদের ফি নির্ধারণ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এখনো কোনো সিদ্ধান্ত গ্রহণ করেনি। সোমবার (২৭ ফেব্রুয়ারি) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা মো. মাইদুল ইসলাম প্রধান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বিভিন্ন পত্রপত্রিকায় ‘মার্চ থেকে চেম্বার, সর্বোচ্চ ফি ৩০০ টাকা’ ‘৩০০ টাকায় পরামর্শ দেবেন বিশেষজ্ঞ চিকিৎসক’ এমন নানা শিরোনামে যে সংবাদ পরিবেশিত হচ্ছে তাতে জনমনে নানা রকম বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। প্রকৃতপক্ষে সরকারি হাসপাতালে সরকারি চিকিৎসকদের নিজ নিজ হাসপাতালেই অফিস সময়ের বাইরে আলাদা চেম্বার করার বিষয়টি নিয়ে মন্ত্রণালয়ের একটি কমিটি কাজ করছে এবং কমিটির কাজ এখন চলমান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৫। প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ আজ

আজ মঙ্গলবার (২৮ ফেব্রুয়ারি) ২০২২ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। সোমবার (২৭ ফেব্রুয়ারি) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ বিভাগ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। এবারের বৃত্তি পরীক্ষায় ৪ লাখ ৮৩ হাজার ৭৫৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক আজকের খবর, দৈনিক কিশোরের দেশ ও দৈনিক হৃদয়ের বাংলা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** সড়ক দুর্ঘটনা এক অনিবার্য নিয়তি হয়ে দাঁড়িয়েছে দেশবাসীর জন্য। দেশের রাজধানীসহ বিভিন্ন জেলা, উপজেলা, বিভাগের সড়ক-মহাসড়কগুলোতে প্রতিবছরই বাড়ছে মৃত্যুর মিছিল। তাই সড়ক দুর্ঘটনা রোধে আইনের প্রয়োগ, প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ চালক এবং চলাচল উপযোগী ভালো মানের যানবাহন অবশ্যই প্রয়োজন।
- (খ) **দৈনিক স্বজন:** সাম্প্রতিক সময়ে বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজের এমবিবিএস ও বিডিএস ভর্তি ফি বাড়িয়েছে সরকার। এতে মধ্যবিত্ত আর নিম্ন মধ্যবিত্ত পরিবারের সন্তানদের ডাক্তারি পড়ার সুযোগ সংকুচিত হতে পারে। বিষয়টি সরকারকে নতুন করে ভাবতে হবে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশে মাতৃমৃত্যুর অন্যতম বড় কারণ হচ্ছে বাড়িতে সন্তান প্রসব করা। মাতৃমৃত্যু কমাতে হলে প্রাতিষ্ঠানিক ডেলিভারির সুযোগ প্রসারিত করতে হবে। এটা করা সম্ভব হলে প্রসবকালীন বা প্রসব-পরবর্তী জটিলতা কম হয় বা হলেও তা সহজে সমাধান করা যায় বলে মনে করেন বিশেষজ্ঞরা।
- (ঘ) **দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সকালের দুনিয়া:** দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গোয়েন্দা নজরদারি ও তৎপরতার ভেতরেও থেমে নেই অবৈধ অস্ত্রের ব্যবহার। অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম চালু থাকলে দেশে জঞ্জি ও সন্ত্রাসী কর্মকান্ড অনেকটাই কমানা হয়ে পড়বে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ঋণ গ্রহণের সিদ্ধান্তটি সঠিক সময়ে হয়েছে- ড. মুস্তফা কে মুজেরী (দৈনিক স্বজন)
- ০২। অজয় বঙ্গা ও আমাদের আন্তর্জাতিক মেধার বিস্তার- অজয় দাশগুপ্ত (দৈনিক সবুজ)
- ০৩। প্রকৃত সত্য আর প্রকৃত মিথ্যা পার্থক্য কোথায়?- ড. মাহবুব হাসান (আজকের বাংলাদেশ)
- ০৪। রিজার্ভ বৃদ্ধিতে করণীয়- অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া (দৈনিক দেশের খবর, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সকালের দুনিয়া)

#